DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 16 Aug 2026, 07:13 AM

আন্তর্জাতিক

# হরমুজ প্রণালি আর □যুদ্ধপূর্ব অবস্থায়□ ফিরবে না: ইরান

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ০২:৫৮ PM



ছবি সংগৃহীত

হরমুজ প্রণালি আর কখনোই □যুদ্ধপূর্ব অবস্থায়□ ফিরে যাবে না বলে জানিয়ে দিয়েছেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই।

রবিবার (২ আগস্ট) ইরানের বার্তা সংস্থা ফার্স এ প্রকাশিত এক প্রতিবেদন থেকে এ খবর জানানো হয়।

প্রতিবেদনে ইসমাইল বাঘাই বলেন, এই জলপথ নিয়ে ইরান ও ওমানের মধ্যে বর্তমানে যে আলোচনা চলছে, তার সঙ্গে হরমুজ প্রণালি খোলা বা বন্ধ করার কোনও সম্পর্ক নেই।

তিনি বলেন, মূলত যুক্তরাষ্ট্রের নাশকতা এবং ইরানের ওপর তাদের আরোপিত নৌ-অবরোধের কারণেই এই প্রণালি বন্ধ হয়েছিল।

মুখপাত্র জানান, ওমানের সঙ্গে এটি একটি দ্বিপক্ষীয় আলোচনা। আমাদের স্বার্থ রক্ষা করবে এমন একটি মেকানিজমে পৌঁছানোর জন্য আলোচনার এই বিষয়টি নতুন কিছু নয়, বরং দীর্ঘদিন ধরেই এটি চলে আসছে।

বাঘাই স্পষ্টভাবে জানান, ইরান দেশের স্বার্থ ও উদ্বেগের ওপর ভিত্তিতে কাজ করে। অন্যদের হুমকি ও ভয়ভীতি দেখানোর প্রভাবে নিজেদের সিদ্ধান্ত পরিবর্তন করবে না।

তিনি আরও বলেন, অন্য পক্ষগুলোর হুমকি ও সংবাদমাধ্যমের চাপের মুখে ইরান তার অবস্থান থেকে একচুলও পিছু হটবে না।

সূত্র: আল জাজিরা

---

## এ বিভাগের আরও খবর




**ওমানকে নিয়ে হরমুজে নৌপথ বানাচ্ছে ইরান**
হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের জন্য একটি অস্থায়ী নৌপথ নির্ধারণে ইরান ও ওমান কাজ করছে বলে জানিয়েছেন ইরানি পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। শাহর...



**বাড়তে পারে মক্কা প্রতিরক্ষা জোটের পরিধি**
তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে মিসরও যোগ দিতে পারে বলে জানিয়েছেন তুরস্কের প্রেসিডেন্...



### গাজায় দুই ভবনের ধ্বংসস্তূপে মিললো ২১ ফিলিস্তিনির কঙ্কাল

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার দুটি ক্ষতিগ্রস্ত ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে ২১ জন ফিলিস্তিনির দেহাবশেষ (কঙ্কাল) উদ্ধার করেছে উদ্ধারকারী দ...

---




### ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭

ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/hrmuj-prnali-ar-juddhpurb-obsthay-firbe-na-iran